## শিক্ষার্থীদের জিজ্ঞাসিত প্রশ্ন ও তার উত্তরঃ

## লালমনিরহাট

## প্রশ্নঃ সাইবার জগতে আমরা মেয়েদের আরো বেশি নিরাপদ রাখবো কিভাবে?

উত্তরঃ সাইবার জগতে আমরা মেয়েদের আরো বেশি নিরাপদ রাখার জন্য ব্যক্তিগত পর্যায়ে সচেতনতা তৈরী করতে হবে। পারিবারিক ও প্রাতিষ্ঠানিকভাবে তাদের সাইবার অপরাধ ও নিরাপত্তা বিষয়ে শিক্ষা প্রদান করতে হবে। আমাদের মেয়েদের প্রযুক্তিগত সক্ষমতা অর্জন করতে হবে। এছাড়া দেশে সাইবার অপরাধ দমনের জন্য এই সংক্রান্ত আইনসমূহ কঠোরভাবে প্রয়োগ করতে হবে।

প্রশ্নঃ আমরা কিভাবে বুঝবো যে আমাদের ফেসবুক আইডি টি হ্যাক করা হয়েছে? হ্যাকিং এর ক্ষেত্রে কোন ধরনের আইনগত সহায়তা আমরা পেতে পারি?

উত্তরঃ আমরা সাধারনত ফেসবুকের **Activity Log** চেক করার মাধ্যমে বুঝতে পারি যে আমাদের ফেসবুক আইডি হ্যাক করা হয়েছে। এছাড়া আইডির অস্বাভাবিক কোন কার্যকলাপ দেখেও বোঝা যেতে পারে যে আইডি টি হ্যাক করা হয়েছে।

**হ্যাকিং এর ক্ষেত্রে আইনগত সহায়তাঃ** হ্যাকিং এর ক্ষেত্রে যেকোন ধরনের আইনগত সহায়তার জন্য বাংলাদেশ পুলিশের সাইবার স্পেস নারী সেবায় যোগাযোগ করতে পারেন। এছাড়া ডিজিটাল নিরাপত্তা এজেন্সিতে বিষয়টি জানাতে ও ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর অধীন সরাসরি থানায় মামলাও করতে পারেন।

প্রশ্নঃ এমন কোন app তৈরী করা সম্ভব কি যার ফলে আমরা সাইবার অপরাধ এর শিকার হবো না বা কেউ এই ধরণের অপরাধ করতে পারবে না?

উত্তরঃ এখন ও এই ধরনের কোন app তৈরী করা সম্ভব হয়নি। তবে কেউ যদি সাইবার হয়রানির শিকার হয়ে থাকে তাহলে রিপোর্ট করার জন্য একটি app তৈরী করা হয়েছে যা টেস্টিং পর্যায়ে রয়েছে।